৫২

দৈনিক সংবাদ

তারিখ ... 17 MAR. 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৬

# বগুড়ায় অংক ও কৃষি বিজ্ঞানের প্রশ্ন বিক্রি হচ্ছে পানির দরে

(নিজস্ব বার্তা পরিবেশক)।

বগুড়া, ১৬ই মার্চ।– বগুড়া শহর ও পার্শ্ববর্তী এলাকায় চলতি এসএসসি পরীক্ষার অংক ও কৃষি বিজ্ঞান বিষয়ের হাতে লেখা প্রশ্নপত্র খুব কম দরে বিক্রি

বগুড়া ঃ পৃঃ ১২ কঃ ৪

## বগুড়া ঃ বিক্রি হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

হচ্ছে।

শহরের সপ্তপদী মার্কেটে বেশকিছু ফটোস্ট্যাটের দোকান থেকে করা ঐ দু'টি বিষয়ের প্রশ্নপত্র বিক্রি হয়েছে ৮০ টাকা ও কোন কোন ক্ষেত্রে কিছুটা বেশি।

আলমগীর হোসেন নামে এক পরীক্ষার্থীর বাবা জানান, প্রথমে তিনি ৫শ' টাকায় হাতে লেখা প্রশ্নপত্র কেনেন। ঐ প্রশ্নপত্র পাওয়া গেছে একজন প্রাক্তন শিক্ষকের কাছ থেকে। হাতে লেখা ঐসব প্রশ্নে ক্রমিক নং বোর্ডের প্রশ্নপত্রের ক্রমিকের সাথে মিল নেই।